


Vol. 11 | No. 1 | 1967

Check for updates

# সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

## দর্শন ও মনোবিদ্যা পরিভাষাকোষ

| | |
|---|---|
| Volume | 11 |
| Issue | 1 |
| Year | 1967 |
| ISSN | 0558-1583 |
| eISSN | 3006-886X |
| Author(s) | সাইয়েদ আবদুল হাই |
| Published online | June 15, 1967 |
| DOI | 10.62328/sp.v11i1.4 |
| Link to article | https://doi.org/10.62328/sp.v11i1.4 |
| Pages | 101-124 |
| Publisher | University of Dhaka |
| Copyright | সাহিত্য পত্রিকা |
| Designed and Developed by | Zobayer Abdullah |

Check for updates

# দর্শন ও মনোবিদ্যা পরিভাষাকোষ

[ মুসলিম দর্শন ও তৎসংশ্লিষ্ট শব্দ এবং উপপদ প্রভৃতির অর্থ সংজ্ঞা ও ব্যাখ্যা সম্বলিত ]

সাইয়েদ আবদুল হাই

ব্যবহৃত সংকেত :

যু: = যুক্তিবিদ্যা ( Logic )
দ: = সাধারণ দর্শন শাস্ত্র ( General Philosophy )
অর্থাৎ তত্ত্ববিদ্যা ( Metaphysics ) ও ধীবিদ্যা ( Epistemology )
নী: = নীতিশাস্ত্র ( Ethics )
ম: = মনোবিদ্যা( Psychology )
খ্রী: = খ্রীষ্টাব্দ
হি: = হিজরী সন।
আ: = আরবী।
উ: = উর্দু।
স: = সংস্কৃত।
চৈ: = চৈনিক।

## D

[ পূর্ব প্রকাশিতের পর ]

**Darwinism** ( ডার্‌উইনিজম্ )-(দঃ) ডারউইনবাদ, অভিব্যক্তিবাদ।
বিখ্যাত ইংরেজ জীববিজ্ঞানী চার্লস ডারউইন (১৮০৯-৮২ খ্রীঃ) কর্তৃক প্রবর্তিত জৈবিক অভিব্যক্তিবাদ। ডারউইনের মত অনুসারে যাবতীয় সরল আদিম অবস্থা হইতে অর্থাৎ জীবকোষ হইতে ক্রমশঃ জটিল ও উন্নততর অবস্থা প্রাপ্ত হইয়াছে। তিনি তাঁহার গবেষণা সমূহ 'The Origin of Species' ও 'The Descent of Man' নামক দুইখানি পুস্তকে লিপিবদ্ধ করিয়া গিয়াছেন।

**DAT** ( ড্যাট )-(মঃ)-বিভেদীযোগত্যার পরখ।

**Differential Attitude Tests**-এর সংক্ষেপ।

**Data** ( ডেটা )-উপাত্তসমূহ, ভিত্তি সমূহ, হেতু সমূহ, একবচনে **Datum.**

**Datum** ( ডেটাম্ )-উপাত্ত, ভিত্তি, হেতু।

যাহার উপর নির্ভর করিয়া কোন অনুমান বা সিদ্ধান্ত করা হয় তাহাকে উপাত্ত বলে।

**Daudi** ( দাউদী )-দাউদী, বোরা দাউদী।

বোরা দাউদী শিয়াহ্ সম্প্রদায়ের একটি শাখা। অধিকাংশ বোরা দাউদী পাক-ভারত উপমহাদেশের অধিবাসী।

**David Hume** ( ডেভিড্ হিউম্ )- ডেভিড্ হিউম।

ডেভিড্ হিউম্ একজন বিখ্যাত ইংরাজ দার্শনিক (১৭১১-১৭৭৬ খ্রীঃ)। তাঁহার দার্শনিক চিন্তায় অভিজ্ঞতাবাদ ( Empericism ) ও সংশয়-বাদের (Scepticism) চরম সমর্থন দেখা যায়। তাঁহার লিখিত পুস্তক-গুলির মধ্যে 'A Treatise of Human Nature' সমধিক প্রসিদ্ধ।

**Dawwani, Jalaluddin** ( দাউওয়ানী, জালালুদ্দীন ) জালালুদ্দীন দাউওয়ানী।

জালালুদ্দীন দাউওয়ানী আখলাক-ই-জালালী নামক বিখ্যাত গ্রন্থের রচয়িতা। আখলাক্-ই-জালালী নীতিশাস্ত্র ও রাষ্ট্রবিজ্ঞানের উপর লিখিত একখানি মূল্যবান গ্রন্থ। গ্রীক দার্শনিকদের লেখা নীতিশাস্ত্র ও রাষ্ট্রবিজ্ঞানের পুস্তকের কাঠামোতে ইসলামী দৃষ্টিভঙ্গি অনুসারে এই পুস্তকখানি লিখিত।

**Dawudi** ( দাউদী )-দাউদী।

**Daudi** দ্রষ্টব্য।

**Day Blindness** ( ডে ব্লাইণ্ড্নেস্ )-(মঃ) দিন-কানা, দিবা-অন্ধতা।

দৃষ্টির জন্য অক্ষিপটে দণ্ড (Rod) ও শঙ্কু (Cone) সংযোজিত আছে। দণ্ড দিবালোকের দৃষ্টির জন্য প্রশস্ত, অপরপক্ষে শঙ্কু অন্ধকারের দৃষ্টির জন্য প্রশস্ত। যাহাদের অক্ষিপটে দণ্ডের সংখ্যা কম তাহারা দিবালোকে ভাল দেখিতে পায়না। স্বাভাবিক জীবের বেলায় যদি কোন কারণে অক্ষিপটে দণ্ড নষ্ট হইয়া যায়, তাহা হইলে তাহারা

দিবালোকে দেখিতে পায় না।

Day dream ( ডে ড্রিম্ )-(মঃ) দিবাস্বপ্ন, আকাশকুসুম।

যে আকাঙ্খা বাস্তব ক্ষেত্রে বা জীবনে ফলবতী হওয়ার সম্ভাবনা নাই, কল্পনায় সেই আকাঙ্খাকে ফলবতী মনে করাই হইল দিবাস্বপ্ন। আরব্য উপন্যাসের আল্-নাস্কারের গল্প দিবাস্বপ্নের একটি প্রকৃষ্ট উদাহরণ।

Day dreaming ( ডে ড্রিমিং )-( মঃ ) দিবাস্বপ্ন দেখা।

Day light vision ( ডে লাইট ভিশন )-(মঃ) দিবাদৃষ্টি, দিবালোক দৃষ্টি।

Day blindness দ্রষ্টব্য।

Day mare ( ডে মেয়ার )-(মঃ) দিবাউদ্বেগ।

Day residues ( ডে রেসিডিউস্ )-দিন বকেয়া।

Deaf mute ( ডেফ্-মিউট )-বধির-বোবা।

বধিরতার জন্য যে কথা বলা শিখিতে পারেনা, তাহাকে বধির-বোবা বলা হয়।

Deafness ( ডেফ্নেস্ )-বধিরতা।

Deanthropomorphism ( ডিঅ্যান্থ্রোপমর্ফিজম্ )-(দঃ) অ-নরত্বারোপ।

প্রাচীনকাল হইতে অনেকেই প্রাকৃতিক বস্তু বা ঘটনা এবং মানবেতর প্রাণীর বেলায় মানবীয় ক্রিয়াকলাপ ও গুণাবলী আরোপ করিয়া থাকেন। গ্রীক দার্শনিক যেনোফেন্স্ ও পরবর্তীকালের বুদ্ধিবাদী দার্শনিকদের মধ্যে এই মতবাদের একটি বিরুদ্ধ ধারা গড়িয়া উঠে। ইহাকে দার্শনিক পরিভাষায় অনরত্বারোপ বলা হয়।

Death instinct ( ডেথ্ ইনস্টিঙ্কট্ )-(মঃ) মৃত্যু-প্রবৃত্তি।

ফ্রয়েডের মতে আমাদের জীবনে দুইটি পরস্পর বিরোধী প্রবৃত্তি রহিয়াছে। তাহাদের একটি হইল জীবন-প্রবৃত্তি ( Life instinct ), অপরটি, মৃত্যু প্রবৃত্তি। জীবন-প্রবৃত্তি জীবনকে সজীব ও সুন্দর করার চেষ্টা করে। অপর পক্ষে মৃত্যু-প্রবৃত্তি জীবনকে ধ্বংস ও মৃত্যুর দিকে টানিয়া লইয়া যায়।

Decadence ( ডিক্যাডেন্স্ )-হ্রাস।

Decency ( ডিসেন্সি )-শালীনতা।

**Deception** ( ডিসেপ্‌শান্ )-প্রবঞ্চনা।

**Decerebration** ( ডিসেরেব্রেশান্ )-মস্তিষ্ক-ব্যবচ্ছেদ।

**Decibel** ( ডেসিবেল্ )-বেলের এক দশমাংশ।

ইহা শ্রবণ উত্তেজক মাপিবার জন্য ব্যবহৃত হইয়া থাকে।

**Decision** ( ডিসিসন্ )-সমাধান, সিদ্ধান্ত।

**Decision of Problem** ( ডিসিসন্ অব্ প্রব্‌লেম )-সমস্যা সমাধান।

**Decorum** ( ডেকোরাম )-শিষ্টতা।

**Decrement** ( ডেক্রিমেণ্ট্ )-হ্রাস, ক্ষয়।

**Decurtate Syllogism** ( ডিকার্টিট্ সিলজিস্‌ম্ )-(যুঃ) সংক্ষিপ্ত সহানুমান।

যে সহানুমানে দুইটি হেতু-বাক্যের একটি অপ্রকাশিত থাকে তাহাকে সংক্ষিপ্ত সহানুমান বলে।

**Dedikind, Richard** ( রিচার্ড ডেডিকিণ্ড্ )-রিচার্ড ডেডিকিণ্ড্।

রিচার্ড ডেডিকিণ্ড্ ( ১৮৩১-১৯১৬ খ্রীঃ ) একজন বিখ্যাত জার্মান গাণিতিক ছিলেন।

**Dedikind's Deduction** ( ডেডিকিণ্ডস্ ডিডাকশান )-ডেডিকিণ্ডের অবরোহ।

**Dedikind's Induction** ( ডেডিকিণ্ডস্ ডিডাকশান্ )-ডেডিকিণ্ডের আরোহ।

**Dedekind's postulate** ( ডেডিকিণ্ডস্ পস্‌টিউলেট্ )-ডেডিকিণ্ডের স্বীকার্য্য।

**Dedekind's Theorem** ( ডেডিকিণ্ডাস্ থিওরেম্ )-ডেডিকিণ্ডের উপপাদ্য।

**Deduction** ( ডিডাক্‌শান্ )-(যুঃ) অবরোহ।

অবরোহ একপ্রকারের যুক্তি বা অনুমান। এই অনুমানে সিদ্ধান্ত হেতুবাক্য (Premise) হইতে অধিকতর ব্যাপক হইতে পারে না। অবরোহ অনুমানের প্রকৃষ্টরূপ সহানুমানে (Syllogism) অন্ততঃ-পক্ষে একটি সার্বিক হেতুবাক্যের প্রয়োজন। কিন্তু আরোহ অনুমানের (Induction) হেতুবাক্য উপাত্তগুলি এক একটি বিশেষ বাক্য-নিরীক্ষণের মাধ্যমে প্রাপ্ত বাস্তব ঘটনা। তাহাছাড়াও সাধারণতঃ অবরোহ অনুমানে হেতু বাক্যগুলিকে স্বীকার করিয়া লওয়া হয়। ইহাদের সত্যতা পরীক্ষা করা হয় না। কিন্তু আরোহ অনুমানে হেতু বাক্য বা উপাত্তগুলি নিরীক্ষণের মাধ্যমে সংগ্রহ করিতে হয়।

Deduction of the Categories ( ডিডাক্‌শান অব্‌ দি ক্যাটাগরিস্‌ )-মাকুলাত অনুমান করা।

Deduction and Induction ( ডিডাক্‌শান অ্যাণ্ড ইন্‌ডাক্‌শান্‌ )-অবরোহ ও আরোহ। যুক্তি ও অনুমানের দুইটি প্রকার ভেদ বা দিক। Deduction ও Induction দ্রষ্টব্য।

Deductive Inference ( ডিডাক্‌টিভ্‌ ইন্‌ফারেন্স্‌ )-(যুঃ) অবরোহী অনুমান।

Deductive Reasoning ( ডিডাক্‌টিভ্‌ রীজনিং )-(যুঃ) অবরোহী যুক্তি।

Deductive System ( ডিডাক্‌টিভ্‌ সিস্টেম্‌ )-(যুঃ) অবরোহী পদ্ধতি।

Deduction Theorem ( ডিডাক্‌শান থীয়রেম্‌ )-(যুঃ) উপপাদ্য অবরোহ।

Deep Pressure Sensibility ( ডীপ প্রেসার সেন্সিবিলিটি )-(মঃ) গভীর চাপ সংবেদনতা। ত্বকের উপরিভাগে গভীর চাপের ফলে ত্বক-নিম্ন প্রদেশে সংবেদনের উৎপত্তি হয়।

Deep reflex ( ডীপ রীফ্লেক্‌স্‌ )-(মঃ) গভীর প্রতিবর্ত্তী।
মাংসপেশী সন্নিহিত অস্থি বা তন্তুকে উদ্দীপ্ত করিলে ঐ মাংসপেশীতে যে প্রতিবর্ত্তীর সৃষ্টি হয় তাহাকে মনোবিদ্যার পরিভাষায় গভীর প্রতিবর্ত্তী বলে।

Deep Sensibility (ডীপ সেন্সিবিলিটি)-(মঃ) গভীর সংবেদনতা।
ত্বক-নিম্ন প্রদেশের সংবেদনতাকে মনোবিদ্যার পরিভাষায় গভীর সংবেদনতা বলা হয়।

Defect ( ডিফেক্‌ট )-অভাব, অপূর্ণতা, বিকলতা, দোষ, ত্রুটি।

Defective child ( ডিফেক্‌টিভ চাইল্ড )-( মঃ ) বিকল শিশু, অপরিণত শিশু।

Defective delinquent ( ডিফেক্‌টিভ ডেলিংকুয়েন্ট্‌ )-( মঃ ) অপরিণতিহেতু অপরাধ প্রবণ, বিকলতাহেতু অপরাধ প্রবণ।

Defence mechanism ( ডিফেন্স মেকানিজ্‌ম্‌ )-(মঃ) রক্ষা-কৌশল।
মনঃসমীক্ষণে মানসিক দ্বন্দ্ব হইতে মুক্তি পাওয়ার জন্য কখনো কখনো অচেতনভাবে যে কৌশল করা হয় ইহাদিগকে রক্ষা-কৌশল বলা হয়।

Deficiency ( ডিফিসিয়েন্সি )-অভাব, ত্রুটি, ক্ষীণতা।

Definition ( ডেফিনিশান )-সংজ্ঞা, লক্ষণ।

**Definition of a term** ( ডেফিনিশান্ অব্ এ টার্ম )-( যুঃ ) পদের সংজ্ঞা পদের অর্থকে সুনির্দিষ্ট করাকে সংজ্ঞাকরণ বলে। যে বাক্য কোন পদের অর্থকে সুনির্দিষ্ট করিয়া দেয় তাহাই ঐ পদের সংজ্ঞা। কোন পদের অর্থ নির্দিষ্টরূপে ব্যক্ত করিবার নানাবিধ উপায় আছে। সর্বশ্রেষ্ঠ উপায় হইল জাত্যর্থের ( **connotation** ) উল্লেখ করিয়া সংজ্ঞাকরণ করা। জাত্যর্থ উল্লেখ পূর্বক সংজ্ঞাকরণ পদ্ধতিই প্রাচীন যুক্তিবিদ্যায় সর্বশ্রেষ্ঠ পদ্ধতি বলিয়া স্বীকার করা হয়।

**Deflection** ( ডিফ্লেক্শান )-(মঃ) ভাবনা-বর্জন। মনসমীক্ষণে অপ্রীতিকর ভাবনা হইতে অব্যাহতি পাইবার জন্য অচেতন ব্যবস্থা।

**Deformity** ( ডিফরমিটি )-(মঃ) বৈকল্য, বিকলতা। মানসিক বা শারীরিক কোন অংশের ত্রুটি বা অপূর্ণতাকে বৈকল্য বলা হয়।

**Defusion** ( ডিফিউশান্ )-(মঃ) পৃথক ভাব, পৃথক অবস্থা।

**Degeneracy** ( ডিজেনরেসী )-অধঃপতন।

**Degeneration** ( ডিজেনারেশান্ )-অধঃপতন, অধোগতি।

**Deglutition** ( ডিগ্লুটিশান্ ) গলাধঃকরণ।

**Degradation** ( ডিগ্রেডেশান্) -হ্রাস, পদাবনতি, অবস্থার অবনতি।

**DeInterpretatione** ( ডিইন্টারপ্রিটেশানি )-(যুঃ) ডিইন্টারপ্রেটেশানি। আরিস্তোতল কর্তৃক লিখিত যুক্তিবিদ্যা গ্রন্থের দ্বিতীয় অংশ। এই অংশে তিনি অবধারণ বা মানসিক বাক্য ও যৌক্তিক বাক্যের বিস্তারিত আলোচনা দিয়াছেন।

**Deism** ( ডিইজম্ )-(দঃ) ভেদবাদ, ঐশীপ্রত্যাদেশে অবিশ্বাসী ঈশ্বরবাদী। এই মতবাদ-অনুসারে ঈশ্বর জগত সৃষ্টির পূর্বে অনন্তকাল ধরিয়া একাই ছিলেন এবং বিশেষ এক মুহূর্তে নিছক শূন্য (**Nothing**) হইতে এই জগতের সৃষ্টি করিয়াছিলেন। এই মতবাদ অনুসারে ঈশ্বরের সৃষ্টি শক্তিই জগতকে নিয়ন্ত্রিত করে। ঈশ্বর ও জগত দুই-ই স্বতন্ত্র স্ব-নির্ভর সত্তা।

**Delayed** ( ডিলেয়েড্)-বিলম্বিত।

**—reaction** ( — রিঅ্যাকশান্ )-(মঃ) বিলম্বিত প্রতিক্রিয়া।

—**Conditioned reflex** ( — কন্‌ডিসাণ্ড্ রিফ্লেক্স্ )-(মঃ) বিলম্বিত সাপেক্ষ প্রতিবর্ত।

**Delboeuf disc** ( ডেলবোফ ডিস্ক্ )-(মঃ) ডেলবোফ চক্র, ঔজ্জ্বল্য প্রত্যক্ষের পার্থক্য সীমা নির্ণয়কারী চক্র। ডেলবোফ নামক একজন মনোবিজ্ঞানী ঔজ্জ্বল্য প্রত্যক্ষের পার্থক্য সীমা নির্ণয় করার জন্য তিনটি ঘূর্ণায়মান চক্র সম্বলিত একটি যন্ত্র আবিষ্কার করেন, ইহাই ডেলবোফ চক্র নামে পরিচিত।

**Deliberation** ( ডেলিবারেশান্ )-স্থিরচিন্তা, আলোচনা।

**Delinquency** ( ডেলিংকুয়েন্সি)-(মঃ) অবাধ্যতা, অপরাধ-প্রবণতা, দুষ্ক্রিয়তা।

**Delinquent** ( ডেলিংকুয়েন্ট্ )-(মঃ) অপরাধ প্রবণ, দুষ্ক্রিয়, অবাধ্য।

**Delire du toucher** ( ডিলায়ার ডু টাচার )-(মঃ) স্পর্শ-বাধ্যতা, স্পর্শ করিতে বাধ্য হওয়া (কোন বস্তু) ইহা মনোসমীক্ষণের একটি বিশেষ পরিভাষা। ডাঃ স্যামুয়েল জনসন ইহা সর্বপ্রথমে ব্যবহার করেন। অবদমিত ইচ্ছার জন্য কোন কোন ব্যক্তি কোন বিশেষ বস্তু বা বস্তুগুলি স্পর্শ করিতে বাধ্য হয়। অবচেতন মনের তাড়নায় সে ইহা করে, এইরূপ স্পর্শকে স্পর্শ-বাধ্যতা নাম দেওয়া হইয়াছে।

**Delirium** ( ডেলিরিয়াম্ )-প্রলাপ।

**Delta movement** ( ডেল্টা মুভমেণ্ট )-ডেল্টা গতি, ভ্রান্ত গতি দৃষ্টি, অপ্রকৃত গতি। কোন স্থির বস্তুর উপর পর পর তীব্রতর আলোকপাত করিলে বস্তুটি গতিশীল বলিয়া মনে হয়, এইরূপ ভ্রান্ত গতিদৃষ্টিকে ডেল্টা গতি বলা হয়। ডেল্টা গতির সহিত আরও চার প্রকার গতি বা ভ্রান্তি প্রত্যক্ষের পার্থক্য নির্ণয় করা হয়, যেমন আলফা গতি, বিটা গতি, গামা গতি ও ইপ্‌সিলন্ গতি।

**Delusion** ( ডিলিউসন্ )-ভ্রান্তি।

**Delusion of grandeur** ( ডিলিউসন্ অব্ গ্র্যাণ্ডিয়ার বা গ্র্যাঞ্জার ) (মঃ) বিভব-ভ্রান্তি।

**Dementia** ( ডিমেন্‌শিয়া )-(মঃ) চিত্তভ্রংশ, চিত্ত বিকৃতি।

**Dementia Praecox** ( ডিমেন্‌শিয়া প্রেইকক্স )-(মঃ) প্রেইকক্স চিত্তবিকৃতি, দারুণ চিত্তবিকৃতি। ইহা কয়েক প্রকার দারুণ চিত্তবিকৃতির সমষ্টিগত

নাম। ইহা সাধারণতঃ যৌবন কালেই হইয়া থাকে এবং উত্তরোত্তর বৃদ্ধি পায়।

**Demiurge** ( ডেমিআর্জ )-)দঃ) খুদে সৃষ্টিকর্তা, ঈশ্বরেতর সৃষ্টিকর্তা। স্বজ্ঞাবাদী দর্শনে (Gnosticism) সৃষ্টিকর্তাকে সাহায্যকারী শক্তি—ফেরেস্তা বা উপদেবতা। গ্রীক ভাষায় সাধারণ অর্থে, শিল্পি বা কারিগর।

**Democracy** ( ডেমোক্রেসি )-গণতন্ত্র। গণতন্ত্র বলিতে জনগণের শাসন বুঝায়। ইংরেজী Democracy শব্দটি গ্রীক ভাষায় Demos (জন-সাধারণ বা গণ), Kratien (শাসন করা)-এই শব্দ দুইটি হইতে উৎপত্তি হইয়াছে। কিন্তু প্রাচীন গ্রীক গণতন্ত্রে সকল শ্রেণীর জনগণ অংশ গ্রহণ করিতে পারিতনা।

**Democritus** ( ডিমোক্রিটাস )-ডিমোক্রিটাস্, একজন গ্রীক দার্শনিক। ডিমো-ক্রিটাস পরমাণুবাদের ব্যাখ্যা করেন। অ্যাটোমিক ফিলজফি দ্রষ্টব্য।

**Demography** ( ডিমোগ্রাফী )-পুঞ্জ পরিসংখন। পুঞ্জ পরিসংখ্যান সমাজবিদ্যা ও পরিসংখ্যান বিজ্ঞানের একটি বিশেষ শাখা। ইহাতে জনসংখ্যাকে ভৌগোলিক পরিবেশ, সামাজিক অবস্থা, বুদ্ধির পরিমাপ প্রভৃতি ভিত্তি অনুসারে বিভাগ করিয়া পর্যালোচনা করা হয়।

**Demonology** ( ডিমোনোলজি )-প্রেতবিজ্ঞান।

**Demonomania** ( ডিমোনোম্যানিয়া )-(মঃ) প্রেতভীতি।

**Demophobia** ( ডিমোফোবিয়া )-(মঃ) জনতাভীতি।

**Demonstration** ( ডিমোনেস্ট্রেশান্ )-প্রতিপাদন।

**Demonstration argument** ( ডিমোনেস্ট্রেশান্ আরগুমেণ্ট )-প্রতিপাদ্য যুক্তি, প্রতিপাদনের সাহায্যে প্রমাণ।

**Demonstrative phrase** ( ডিমোনেস্ট্রেটিভ্ ফ্রেইজ্ )-প্রতিপাদকতা, প্রতি-পদ বাক্যাংশ।

**Demonstrational** ( ডিমোনেস্ট্রেসনাল )-প্রতিপাদক, প্রামাণিক।

**De Morgan's Law** ( ডি মর্গান্স্ ল )-ডি মর্গানের নিয়ম। ডি মর্গান বাক্যিক ক্যাল্কুলাস বা গননীয়ক সম্বন্ধে দ্বৈত সম্বন্ধ-ভিত্তিক দুইটি উপপাদ্য আবিষ্কার করেন। এই দুইটিকে ডি মর্গানের নিয়ম বলা হয়।

**Dendrite** ( ডেনড্রাইট্ )-ডেনড্রাইট্, কোষকেশ। স্নায়ুগুলি কতকগুলি কোষের সমষ্টি। এই কোষগুলি হইতে দুই প্রকারের কেশের মত পদার্থ বাহির হয়। ইহাদের এক প্রকার সরু ও লম্বা এবং অন্য প্রকার অপেক্ষাকৃত মোটা ও খাটো। এই মোটা ও খাটো কোষকেশকে ডেনড্রাইট্ বলা হয়।

**Denial of the antecedent** ( ডিনায়াল অব দি অ্যান্টিসিডেন্ট )-(যুঃ) পূর্বগ অস্বীকার। ইহা এক প্রকার যৌক্তিক অনুপপত্তি। প্রাকল্পিক নিরপেক্ষ সহানুমানের নিয়ম হইল যে দ্বিতীয় হেতুবাক্যে প্রথম হেতুবাক্যের অনুগকে অস্বীকার করিয়া সিদ্ধান্তে উহার পূর্বগকে অস্বীকার করা হয়। এই নিয়ম লঙ্ঘন করিলে, অর্থাৎ দ্বিতীয় হেতুবাক্যে পূর্বগকে অস্বীকার করিয়া সিদ্ধান্তে অনুগকে অস্বীকার করিলে, যে অনুপপত্তি হয়, তাহাকেই পূর্বগ অস্বীকার অনুপপত্তি বলে।

**Denomination** ( ডিনোমিনেশান্ )-নাম, আখ্যা।

**Denotation** ( ডিনোটেশান্ )-(যুঃ) ব্যক্ত্যর্থ, ব্যাপ্তি। অধিকাংশ পদকে দুই দিক হইতে বিচার করা যায়। একটি হইল সংখ্যার দিক, অপরটি হইল গুণের দিক। সংখ্যার দিকটাকে বলা হয় পদের ব্যক্ত্যর্থ (Denotation)। একটি পদের ব্যক্ত্যর্থ বলিতে ঐ পদ একই অর্থে যে বস্তু বা বস্তুগুলির উপর আরোপিত হয়, তাহাই বুঝায়। যেমন, মানুষ পদটির ব্যক্ত্যর্থ সমস্ত মানুষ।

**Denoting phrase** (ডিনোটিং ফ্রেইজ্)-নির্দেশক কথা, নির্দেশক বাক্যাংশ।

**Dentate nucleus** (ডেন্‌টেট্ নিউক্লিয়াস্)-(মঃ) দন্ত্যকেন্দ্রিকা, ক্ষুদ্র মস্তিষ্কের একটি স্নায়ুকোষ সমষ্টি।

**Deontological Ethics** (ডিঅন্টোলজিকাল ইথিক্স্)-(নীঃ) মানমুক্ত নীতিশাস্ত্র। যে নীতিশাস্ত্রে কোন কার্য্যকে মান বা পরম শুভের ধারণা ছাড়াও ভাল বা মন্দ হিসাবে বিচার করা যাইতে পারে তাহাকে মানমুক্ত নীতিশাস্ত্র বলে।

**Dependency** (ডিপেন্‌ডেন্সি)-নির্ভরশীলতা।

**Dependent Variable** (ডিপেন্‌ডেন্ট্ ভ্যারিয়েবল্)-(মঃ) নির্ভরশীল চল। গণিত শাস্ত্র হইতে গৃহীত শব্দ। মনোবিদ্যায় পরখের ক্ষেত্রে বহুল ব্যবহৃত।

Depersonalization(ডিপারসনালাইজেশান্)-নির্ব্যক্তিকরণ, ব্যক্তিত্বহানিকরণ।

Depression (ডিপ্রেশান্)-(মঃ) অবসাদ।

Deprivation (ডিপ্রাইভেশান্)-(মঃ) অভাব বিযুক্তি ক্ষতি।

Depth (ডেফ্থ্)-গভীরতা।

—perception (—পারসেপ্শান)-(মঃ) গভীরতা দৃষ্টি, ঘন দৃষ্টি, দৃষ্টির সাহায্যে দূরত্ব বা কোন পদার্থের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা প্রত্যক্ষ করাকেই গভীরতা দৃষ্টি বা ঘন দৃষ্টি বলা হয়।

Depth Psychology ( ডেফ্থ সাইকোলজি )-গভীরতা মনোবিদ্যা, অচেতন মনোবিদ্যা।

Deproblematization ( ডিপ্রবলেমেটাইজেশান্ )-সমস্যা নাকচ, সমস্যা নিষ্কৃতি। কোন বস্তু বা ভাবের অন্তর্নিহিত সমস্যা অনেক সময় আপনা হইতেই সমাধা হইয়া যায়। এই সকল ক্ষেত্রকে সমস্যা নিষ্কৃতি বলা যাইতে পারে।

Derangement ( ডিরেঞ্জমেন্ট্ )-বিশৃঙ্খলতা।

Derived emotion ( ডিরাইভড্ ইমোশান্ )-(মঃ) উদ্ভূত আবেগ।

Dermis ( ডারমিস্ )-চর্ম, ত্বক।

Dermatography ( ডারমেটোগ্রাফি )-চর্ম-অনুসন্ধানী বিজ্ঞান।

Dermatology ( ডারমোটোলজি )-চর্ম বিজ্ঞান, চর্মরোগ-চিকিৎসা বিজ্ঞান।

Descartes ( দেকার্তে, দেকার্তে )-দের্কাত, দের্কাতে, একজন ইউরোপীয় দার্শনিক। আধুনিক পাশ্চাত্য দর্শনের জনক রেনি দের্কাতে (১৫৯৬—১৬৫০ খৃঃ) সংশয়ের উপর নির্ভর করিয়া তাঁহার দর্শন গড়িয়া তোলেন। সংশয় হইতে তিনি নিজের অস্তিত্ব ও ক্রমে ক্রমে ঈশ্বর ও বাহ্যিক জগতের অস্তিত্ব প্রমাণ করেন। তাঁহার পুস্তকগুলির মধ্যে Meditation ও Discourse on Method সমধিক প্রসিদ্ধ। দের্কাতে ইউরোপীয় দর্শনের বুদ্ধিবাদ শাখার একজন প্রধান উদ্যোক্তা।

Descending tract ( ডিসেন্ডিং ট্রাক্ট্ ) নিম্নবাহী অঞ্চল।

Desire ( ডিজায়ার )-(মঃ) ইচ্ছা, কামনা।

Despair ( ডেস্পেয়ার )-নৈরাশ্য, হতাশা।

Description ( ডেস্‌ক্রিপশান্ )-বর্ণনা।

Descriptions ( ডেস্‌ক্রিপশানস্ )-বর্ণনাবলী।

Descriptive Hypothesis ( ডেস্‌ক্রিপটিভ্ হাইপোথিসিস্ )-(যুঃ) বর্ণনাকারী প্রকল্প। যে প্রকল্পে কোন ঘটনা কি পদ্ধতিতে ঘটে, অর্থাৎ কারণের নিয়মের বা কার্য্যপ্রণালীর বর্ণনা দেওয়া হয় তাহাকে বর্ণনামূলক প্রকল্প বলে।

Designate ( ডেজিগ্‌নেট্ )-মনোনীত।

Designated value ( ডেজিগ্‌নেটেড্ ভ্যালু )-মনোনীত মূল্য।

Designation ( ডেজিগ্‌নেশান )-মনোনয়ন, উপাধি, নাম।

Designatum ( ডেজিগ্‌নেটাম্ )-মনোনয়ন বাক্য।

Determine ( ডিটারমিন্ )-নির্দ্ধারণ করা, নির্দ্ধারিত করা।

Determinable ( ডিটারমিনেব্‌ল্ )-নিষ্পত্তি যোগ্য, পরিসীমাযোগ্য।

Determinatin ( ডিটারমিনেশান্ )-সংকল্প।

Determinant ( ডিটারমিন্যান্ট )-নির্ধারক।

Determinism ( ডিটারমিনিজম্ )-নির্ধারণবাদ, কারণবাদ, অদৃষ্টবাদ।

Determiners of attention ( ডিটারমিনারস্ অব্ অ্যাটেনশান্ )-(মঃ)-মনোযোগের নির্ধারণী, মনোযোগ নির্ধারণকারী বিষয় ও ভাব।

Determining tendency ( ডিটারমিনিং টেন্‌ডেন্‌সি )-(মঃ)নির্ধারণীভাব, নির্ধারণী প্রবণতা।

Deterrent ( ডিটারেন্ট্ )-(মঃ, নীঃ) নিবারক, নিবৃত্তিকারী।

Detraction ( ডিট্রাকশান্ )-হ্রাস করা, হানি করা।

Development ( ডেভেলপ্‌মেণ্ট )-বৃদ্ধি, বর্জন।

Developmental insanities ( ডেভেলপ্‌মেণ্টাল ইন্‌স্যানিটিজ্ )-(মঃ) বর্দ্ধনকালীন মানসিক ব্যাধি। বয়ঃসন্ধিক্ষণে যে সকল মানসিক ব্যাধি দেখা যায় সেইগুলিকে একযোগে বর্দ্ধনকালীন মানসিক ব্যাধি বলা হয়।

Developmental Psychology ( — সাইকোলজি )-(মঃ) বৃদ্ধি মনোবিদ্যা।

Deus ex Machina ( ডিউ এক্‌স্ মেশিনা )-সঙ্কটতারণ ঈশ্বর। কোন সঙ্কট বা সমস্যা সমাধানের জন্য ঈশ্বর বা অতিপ্রাকৃত ব্যক্তিকে আনয়ন করা। কথাটির শাব্দিক অর্থ হইল "যন্ত্র হইতে ঈশ্বর"।

Dhikr (Zikr) ( যিক্‌র্ )-স্মরণ করা, বারবার মনে করা। যিক্‌র্ সুফীমতবাদী-দের একটি বিশেষ ধর্মীয় অঙ্গ। সুফিরা নামাজ, রোজা ছাড়াও বার বার আল্লার নাম স্মরণ করাকে ধর্মের একটি গুরুত্বপূর্ণ অঙ্গ বলিয়া মনে করে।

Diagnosis ( ডায়্যাগ্নোসিস্ )-নিদান।

Diagram ( ডায়্যাগ্রাম্ )-নক্‌সা।

Dialectics ( ডায়্যালেক্‌টিক্‌স্ )-(দঃ) দ্বন্দ্ব-সমন্বয় বাদ। এই শব্দটি দর্শনশাস্ত্রে প্রাচীন কাল হইতে প্রচলিত ছিল। কিন্তু জার্মান দার্শনিক হেগেলই একটি নূতন বিশ্লেষণ পদ্ধতি হিসাবে ইহার উন্নতি সাধন করেন। তিনি ইহা প্রয়োগ করেন ভাবাবাদের ক্ষেত্রে। হেগেলের শিষ্য কার্ল্ মার্ক্‌স্ এই দ্বন্দ্ব-সমন্বয়বাদকে বস্তুবাদের ক্ষেত্রে প্রয়োগ করিয়া ইহাকে স্বাভাবিক ও যথার্থ রূপদান করেন।

Dialectical materialism ( ডায়্যালেক্‌টিক্যাল মেটেরিয়্যালিজম্ )-(দঃ) দ্বান্দ্বিক বস্তুবাদ। দ্বান্দ্বিক বস্তুবাদ মার্ক্‌স্‌বাদের দার্শনিক ভিত্তি। প্রাকৃতিক জগত ও সমাজ সম্পর্কে মার্কসীয় দৃষ্টিভঙ্গি দ্বন্দ্বমূলক বিশ্লেষণ-পদ্ধতি ও বস্তুবাদী দর্শনের সমন্বয়। সেই জন্য ইহাকে দ্বান্দ্বিক বস্তুবাদ বলা হয়।

—Method ( মেথড্ )-(দঃ) দ্বান্দ্বিক পদ্ধতি।

—Dialechics দ্রষ্টব্য।

Dialective ( ডায়্যালেকটিভ্ )-দ্বান্দ্বিক।

Diallelon ( ডায়্যালেলন্ )-(সংজ্ঞায়) চক্রকদোষ।

Diallelus ( ডায়্যালেসাস্ )-(প্রমাণে) চক্রকদোষ।

Dialogic mathod (ডায়্যালজিক মেথড্) কথোপকথন পদ্ধতি, সংলাপ পদ্ধতি।

Dialogism ( ডায়্যালগিজম্ )-কথোপকথন বাদ।

Dialogue ( ডায়্যালগ্ )-কথোপকথন, সংলাপ।

Dianoetic virlue ( ডায়্যানোয়েটিক্ ভার্চু )-বুদ্ধি ভিত্তিকগুণ।

Dianoia ( ডায়্যানোইয়া )-বিচার বুদ্ধি।

Dia-Phragm ( ডায়্যাফ্র্যাম )-মধ্যচ্ছদা, পৃথককারী ঝিল্লী।

Diaspora (ডায়্যাস্‌পোরা)-বিশ্লেষণ (বিচার বুদ্ধিদ্বারা)

Diastole (ডায়্যাস্টোলি)-হৃদপিণ্ডের প্রসারণ।

Diathermy (ডায়্যাথারমী)-(মঃ) বৈদ্যুতিক তাপ চিকিৎসা।

Diathesis (ডায়্যাথিসিস্)-(মঃ) বংশগত রোগপ্রবণতা।

Diatomic (ডায়্যাটমিক্)-দুই পরমাণুবিশিষ্ট, দ্ব্যণুক।

Diatonic (ডায়্যাটোনিক্)-দ্বি-স্বনী।

Dichotic (ডিকোটিক্)-(মঃ) দ্বি-শ্রবণ।

Dichotomy (ডিকোটমি)-দ্বিকোটিক্, দ্বিধা।

—division by (—ডিভিজন বাই)-(যুঃ) দ্বি-কোটিক বিভাগ।

ইহা যৌক্তিক বিভাগের একপ্রকার বিকল্প। যখন কোন শ্রেণীর পূর্ণ ব্যক্ত্যার্থ কি তাহা জানা যায় না, তখন এইরূপ বিভাগ করা হয়। শ্রেণীর (জাতি) অন্তর্গত একটি উপজাতি ও উহার বিরোধী পদকে (Contradictory Term) লইয়া বিভাগকরণ সম্পন্ন করা হয়। এইরূপ বিভাগে একটি পদ সদর্থক (Positive) ও অপরটি নঞর্থক (Negative)। দ্বিকোটিক বিভাগ আকৃতিগতভাবে নির্ভুল হইলেও বাস্তব দিক হইতে ইহার উপযোগিতা খুবই কম।

Dichromatisom (ডিক্রোম্যাটিজম্)-(মঃ) দ্বি-বর্ণান্ধতা, লালসবুজ বর্ণান্ধতা।

Dictum (ডিক্টাম্)-মূলসূত্র।

Dictum de omni et nullo (ডিক্টাম্ ডি অমনি এট্ নালো)-(যুঃ) পূর্ণ ও শূন্য সম্পর্কিত নিয়ম। Aristotle's Dictum দ্রষ্টব্য।

Didactic (ডিডাক্টিক)-নীতিগর্ভ, উপদেশপ্রদ।

Didactics (ডিডাক্টিক্স্)-শিক্ষাবিজ্ঞান, শিক্ষাপ্রণালী।

Difference ( ডিফারেন্স )-পার্থক্য, বিভেদ।

—Canon ( —ক্যানন্ )-(যুঃ) ব্যতিরেকী সূত্র, ব্যতিরেকী পদ্ধতি। method of Difference দ্রষ্টব্য।

— threshold ( — থ্রেস্হোল্ড্ )-(মঃ) পার্থক্য সীমা।

— tone ( — টোন )-(মঃ) পার্থক্য স্বর।

দুইটি স্বর একই সময় কার্য্যকরী হইলে তাহাদের মধ্যবর্তী বা পার্থক্য যে স্বর শ্রুতিগোচর হয়, তাহাকে পার্থক্য স্বর বলে।

**Differentia** ( ডিফারেনসিয়া ) -(যুঃ) বিভেদক।

যে গুণের অধিকারী বলিয়া কোনও উপজাতি ইহার অন্যান্য সমজাতীয় উপজাতি হইতে পৃথক, সেই গুণকে ঐ উপজাতির বিভেদক বলা হয়। উদাহরণ স্বরূপ মানুষের বিভেদক গুণ হইল বুদ্ধিবৃত্তি।

**Differential Aptitude Tests ( DAT )** ( ডিফারেন্সিয়াল্ অ্যাপটিচুড্ টেষ্ট )-(মঃ) বিভেদীযোগ্যতা পরখ, পৃথগী —।

মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের জন্য শিক্ষা ও পেশা সংক্রান্ত পরখের সমষ্টি।

**— Conditioning** ( —কন্ডিশানিং )-(মঃ) বিভেদী সাপেক্ষী করণ, —।

**— Limen** ( — লিমেন )-(মঃ) পার্থক্য সীমা।

**— Psychology** ( — সাইকোলজী )-(মঃ) পৃথগী মনোবিদ্যা।

ইহা সাধারণ মনোবিদ্যার একটি শাখা। ইহাতে বিভিন্ন প্রকার মানসিক পরখের সাহায্যে বিভিন্ন ব্যক্তির মধ্যে বৈসাদৃশ্য ও সাদৃশ্য নির্ণয় করা হয়।

**Differentiation** ( ডিফারেন্সিয়েশান্ )-পৃথক করণ, বিভেদ করণ।

**Digit** ( ডিজিট )-সংখ্যা, অঙ্গুলী।

**— Span** (— স্প্যান্ )-সংখ্যা স্মৃতির ব্যাপ্তি।

অসম্বদ্ধ সংখ্যার যতগুলি একসঙ্গে মনে রাখা যাইতে পারে তাহাকে সংখ্যা স্মৃতির ব্যাপ্তি বলে।

**Dilemma** ( ডাইলেমা )-(যুঃ) দ্বিকল্প অনুমান, উভকল্প অনুমান।

যে অবরোহ অনুমানের প্রথম হেতু বাক্য একটি যৌগিক প্রাকল্পিক বাক্য ও দ্বিতীয় হেতু বাক্য একটি বৈকল্পিক বাক্য এবং সিদ্ধান্ত একটি বৈকল্পিক বা নিরপেক্ষ বাক্য তাহাকে দ্বিকল্প অনুমান বলা হয়। উদাহরণ—

যদি পরীক্ষায় কৃতকার্য হওয়া তোমার ভাগ্যে থাকে
তাহা হইলে তোমার পড়ার প্রয়োজন নাই;
এবং যদি পরীক্ষায় অকৃতকার্য হওয়া তোমার ভাগ্যে থাকে তাহা হইলে
তোমার পড়ার প্রয়োজন নাই ;
পরীক্ষায় কৃতকার্য হওয়া বা অকৃতকার্য হওয়া তোমার ভাগ্যে আছে,
∴ তোমার পড়ার প্রয়োজন নাই।

**Delattantism** ( ডিলেট্যান্টিজম্ )-চারু শিল্পে অনুরাগ।

**Dilettante** ( ডিলেট্যান্টি )-চারুশিল্পে অনুরাগী।

**Dimension** ( ডাইমেন্শান )-আয়তন, আকৃতি, পরিমাণ, মাত্রা।

**Dimensions of consciousness** ( ডাইমেনশানস্ অব্ কনশাস্নেস্ )-(মঃ) চেতনার আয়তন, চেতনার গুণ। চেতনা বা প্রত্যক্ষের বিভিন্ন গুণ, যেমন স্পষ্টতা, পরিব্যাপ্তি, তীক্ষ্ণতা প্রভৃতিকে মনোবিদ্যার পরিভাষায় চেতনার আয়তন বলা হয়।

**Diminishing return** ( ডিমিনিশিং রিটার্ণ )-(যঃ) ক্রমিক হ্রাস। কোন পাঠ কণ্ঠস্থ করার বেলায় পুনরাবৃত্তির ফল ক্রমশঃই হ্রাস পাইতে থাকে, ইহাই ক্রমিক হ্রাস। অর্থনীতি হইতে এই পরিভাষাটি মনোবিদ্যায় গ্রহণ করা হইয়াছে।

**Dimming** (ডিমিং)-(মঃ) স্তিমিত, হ্রস্বীকৃত। উদ্দীপক অপসারণের পর সংবেদনের ঔজ্জ্বল্য বা গভীরতা কমিতে থাকে। ইহাই মনোবিদ্যার পরিভাষায় স্তিমিত।

**Din** ( দীন )-(আরবী ) ধর্ম, মতবাদ, পথ।

**Din an sick** ( ডিঙ্গ অ্যান সিক )-(জার্মান) (দঃ) বস্তুর স্বকীয় সত্তা (কান্টের দর্শনে)।

**Diogenes** ( ডায়োজিনিস )-ডায়োজিনিস, একজন গ্রীক দার্শনিক। তিনি সক্রেটিসের পূর্বের গ্রীক দর্শনের বিবরণ লিপিবদ্ধ করেন।

**Dionysian** ( ডাইওনিশিয়ান )-শিল্প অনুরাগ। যে শিল্প অনুরাগের ফলে জীবনের পূর্ব অভিজ্ঞতার সুখ-দুঃখ পুনরায় ভোগ করা যাইতে পারে তাহাকে জার্মান দার্শনিক নিট্শে ( Nietzsche ) এইরূপ আখ্যা দিয়াছেন।

**Diorism** ( ডাইওরিজম )-পার্থক্য (গ্রীক)।

**Dipsomania** ( ডিপসোম্যানিয়া )-(মঃ) সুরাসক্তি।

**Direct** ( ডাইরেক্ট, ডিরেক্‌ট )-প্রত্যক্ষ।

**Direct Knowledge** ( — নলেজ )-প্রত্যক্ষ জ্ঞান। চক্ষু, কর্ণ প্রভৃতি ইন্দ্রিয়ের সাহায্যে লব্ধ জ্ঞানই প্রত্যক্ষ জ্ঞান। ইহার বিপরীত জ্ঞান হইল

অ-প্রত্যক্ষ জ্ঞান ( Indirect Knowledge ), যেমন, অনুমান, আপ্ত বাক্য ।

Direct theories of Knowing ( ডাইরেক্ট থিউরিজ অব্ নোয়িং )-(দঃ) জ্ঞানের প্রত্যক্ষ মতবাদ ।

Direction ( ডিরেক্‌শান্ )-লক্ষ্য, গতি, নির্দেশ

— set ( — সেট )-(মঃ) বিন্যাস লক্ষ্য

— of conditioning ( — অব্ কন্‌ডিশানিং )-(মঃ) সাপেক্ষীকরণ লক্ষ্য ।

Disarranged Sentence Test ( ডিসএ্যারেনজ্‌ড্ সেনটেন্স টেস্ট )-(মঃ) বিশৃঙ্খল বাক্য পরখ। ইহা এক প্রকারের মানসিক পরখ। ইহাতে পরখ পাত্রকে ( Subject ) একটি বাক্যের বিভিন্ন শব্দগুলিকে বিশৃঙ্খল করিয়া দিয়া ঠিকভাবে সাজাইতে বলা হয় ।

Disbelief ( ডিস্‌বিলিফ্ )-অবিশ্বাস।

Discourse ( ডিস্‌কোর্স )-কথোপকথন, সুসংবদ্ধ চিন্তা। দর্শনের বহু পুস্তকের নামের প্রথম অংশ হিসাবে Discourse কথাটি ব্যবহৃত হয়। যেমন, Descartes-এর Discourse on Method.

Discernable ( ডিস্‌চারণঅবল )-বোধযোগ্য, প্রত্যক্ষযোগ্য, প্রভেদযোগ্য।

Discipline ( ডিসিপ্লিন )-শিক্ষা, শৃঙ্খলা ।

Discovery ( ডিসকভারী )-আবিষ্কার, প্রকাশ, উদ্‌ঘাটন ।

Discord ( ডিসকর্ড )-বিশৃংখলা ।

Discrepency ( ডিস্‌ক্রিপ্যান্‌সি )-অসামঞ্জস্য, বৈপরীত্য ।

Discretion ( ডিসক্রিশান্ )-বিচক্ষণতা, সতর্কতা, স্বাধীনতা ( স্বেচ্ছামত কাজ করার ) ।

Discriminating ( ডিসক্রিমিনেটিং )-প্রভেদকারী ।

Discrimination ( ডিসক্রিমিনেশান )-প্রভেদ ।

Discursive cognition ( ডিস্‌কারসিভ কগ্নিশন )-অসম্বদ্ধ চিন্তা, অসম্বদ্ধ প্রত্যক্ষ ।

Disgust ( ডিস্‌গাষ্ট )-বিরাগ, অত্যন্ত ঘৃণা ।

Disintegration ( ডিস্‌ইন্টিগ্রেশান )-ঐক্যনাশ ।

Disjunction ( ডিস্‌জাংক্‌শান )-বিয়োগ, বিয়োজন ।

Disjunctive ( ডিস্‌জাংক্‌টিভ্‌ )-বৈকল্পিক।

— Proposition ( — প্রপোজিশান )-(যুঃ) বৈকল্পিক বাক্য।

বৈকল্পিক বাক্যে উদ্দেশ্যে সোজাসুজি কোন একটি বিধেয় প্রয়োগ করা হয় না। ইহাতে দুই বা ততোধিক বিকল্পের উল্লেখ থাকে। বৈকল্পিক বাক্যের আকার হইল "হয়—অথবা" ( ইংরেজী "Either—Or" ), যেমন হাসান হয় নির্বোধ অথবা ধূর্ত।

Syllogism ( সিলোজিজম )-(যুঃ) বৈকল্পিক সমানুমান, বৈকল্পিক নিরপেক্ষ সহানুমান।

Categorical Syllogism ( ক্যাটিগোরিকাল সিলোজিজ্‌ম )-(যুঃ) বৈকল্পিক নিরপেক্ষ সহানুমান।

যে মাধ্যম অনুমানের প্রথম হেতুবাক্য একটি বৈকল্পিক বাক্য, দ্বিতীয় হেতুবাক্য একটি নিরপেক্ষ বাক্য এবং সিদ্ধান্ত একটি নিরপেক্ষ বাক্য, তাহাকে বৈকল্পিক নিরপেক্ষ সহানুমান বলে। যেমন,

ক হয় খ না হয় গ

ক নয় খ

∴ ক হয় গ

Disorganisation ( ডিসঅরগ্যানাইজেশান )-বিশৃঙ্খলা।

Disparate ( ডিসপ্যারেট্‌ )-বিষম, অসম।

Disparity ( ডিসপ্যারিটি )-বৈষম্য, অসমতা।

Dispersion ( ডিসপারশান )-বিকীরণ।

Displacement ( ডিসপ্লেস্‌মেন্ট )-অভিক্রান্তি, স্থানচ্যুতি।

Disposition ( ডিসপজিশান )-(মঃ) স্বভাব, মেজাজ।

Disputatio ( ডিসপুটেশিও )-বিতর্ক, ( পাণ্ডিতী বিচারে )।

Disputation ( ডিসপুটেশান )-বিতর্ক, বাদানুবাদ।

Dissimilarity ( ডিস্‌সিমিলারিটি )-অসাদৃশ্য, বৈসাদৃশ্য।

Dissimulation ( ডিসিমিউলেশান )-ভাণ, প্রকৃত অবস্থা গোপন।

Dissociate ( ডিসোশিয়েট )-বিচ্যুতি, বিষঙ্গ, সাহচর্য্যনাশ।

Dissociation of personality ( ডিসোশিয়েশান অব্‌ পারসন্যালিটি )-(মঃ) ব্যক্তিত্ব বিচ্যুতি।

ব্যক্তিত্ব কথাটি খুবই ব্যাপক। এক দিক হইতে ব্যক্তির আচরণের সমগ্র রূপটি তাহার ব্যক্তিত্ব, অপর দিক হইতে ব্যক্তিত্ব ব্যক্তির একটি সমগ্র মানসিক রূপ। স্বাভাবিক জীবনে ব্যক্তিত্ব নানা প্রকার মানসিক ক্রিয়ার মধ্যে ও একটি অখণ্ড চেতনা হিসাবে কাজ করে—ব্যক্তিত্বের বিভিন্ন প্রকাশ গুলি একই ব্যক্তির বলিয়া মনে হয়। কিন্তু অনেক সময় একই ব্যক্তির মধ্যে দুই বা ততোধিক ব্যক্তিত্ব একটির পর একটি বিচ্ছিন্নভাবে কাজ করে। এইরূপ ব্যক্তিত্বকে বিচ্যুত বা বিচ্ছিন্ন ব্যক্তিত্ব বলা হয়।

Dissonance ( ডিসোন্যান্স )-অনৈক্য, অমিল।

Distal ( ডিস্ট্যাল )-মধ্যপ্রদেশ হইতে দূর (শরীরের)।

Distance ( ডিস্ট্যান্স )-দূরত্ব।

Distinct ( ডিস্টিংকট )-স্পষ্ট, পৃথক, স্বতন্ত্র।

Distinction ( ডিস্টিংক্শান )-পার্থক্য, স্বাতন্ত্র।

Distinctive ( ডিস্টিংক্টিভ )-পার্থক্যসূচক, স্বাতন্ত্র্যসূচক।

Distinctness ( ডিস্টিংক্টনেস্ )-(দঃ) স্বাতন্ত্র্য, স্পষ্টতা।

Distraction ( ডিস্ট্রাক্শান )-(মঃ) বিক্ষেপ।

Distribution of terms ( ডিস্ট্রিবিউশান অব্ টারমস্ )-(যুঃ) ব্যাপ্তি ( পদ বা প্রান্তিকের )।

বাক্যের যে পদ ইহার সমগ্র ব্যক্ত্যর্থ বুঝায়, তাহাকে ব্যাপ্য পদ বলে, এবং যে পদ ইহার সমগ্র ব্যক্ত্যর্থ না বুঝাইয়া ইহার এক অনির্দ্দিষ্ট অংশকে বুঝায় সেই পদকে অব্যাপ্য পদ বলে।

Distributive ( ডিস্ট্রিবিউটিভ্ )-বিভাজক, বণ্টনী।

— Justice ( — জাস্টিস্ )-( নীঃ ) বণ্টনী ন্যায়, বণ্টনী ইনসাফ্।

— Law ( — ল ) বণ্টনী আইন।

Distortion ( ডিস্টরশান )-বিকৃতি।

Disuse ( ডিস্ইউজ )-অব্যবহার।

Disvalue ( ডিস্ভ্যালিউ )-মানহীন, মানশূন্য।

Divergence ( ডাইভার্জেন্স )-বিকীরণ, অপসারণ, বিপথগমন।

**Divine** ( ডিভাইন )-আল্লাহর, আল্লাহ্-প্রদত্ত, ঐশ্বরিক, স্বর্গীয়, বেহেশতী।

**Divination** ( ডিভিনেশান )-ভবিষ্যত গণনা করা, ভবিষ্যত বলা।

**Divining Rod** ( ডিভাইনিং রড )-ভবিষ্যত বলার দণ্ড।

**Divisibility** ( ডিভিজিবিলিটি )-বিভাজ্যতা।

**Division** ( ডিভিঝন )-বিভাগ।

**Division by Dichotomy** (ডিভিঝন বাই ডিকোটমি)-(যুঃ) দ্বিকোটিক বিভাগ।
Dichotomy, Division by দ্রষ্টব্য।

**Division, Logical** (—, লজিক্যাল )-(যুঃ) যৌক্তিক বিভাগ।
কোন জাতিকে কোন একটি নিয়ম অনুসরণ করিয়া তাহার অন্তর্ভুক্ত বিভিন্ন উপজাতিতে বিভক্ত করাকে যৌক্তিক বিভাগ বলে। যেমন, প্রাণীকে চেতনাগুণের উপস্থিতি ও অনুপস্থিতি অনুসারে সচেতন ও অচেতন এই দুই শ্রেণীতে ভাগ করা যায়—এক শ্রেণীর চেতনাগুণ আছে, অন্য শ্রেণীর চেতনাগুণ নাই। এইরূপ বিভাগে বিভক্ত সকল পদ প্রকৃতপক্ষে সদর্থক পদ হইবে; অপর পক্ষে দ্বিকোটিক শ্রেণী বিভাগে একটি পদ সদর্থক ও অপরটি নঞর্থক।

**Divisionism** ( ডিভিঝানিজম্ )-বিভাজীয় মতবাদ।

**Dizziness** ( ডিজিনেস্ )-শিরঃঘূর্ণন, বিহ্বলতা।

**D. L.** ( ডি, এল )-(মঃ) সংবেদনের অন্তসীমা।
Differential Limen-এর সংক্ষেপ।

**Docta ignorantia** ( ডক্‌টা ইগ্নোর‍্যানশিয়া )-পাণ্ডিত্যপূর্ণ মূর্খতা।

**Doctrinaire** ( ডক্‌ট্রিনেয়ার )-মতবাদ পন্থী।

**Dogma** ( ডগ্‌মা )-ধর্মমত।

**Dogmatic** ( ডগম্যাটিক )-গোঁড়া, অন্ধবিশ্বাসী, বিচার বিযুক্ত।

**Dogmatism** ( ডগম্যাটিজম )-(দঃ) অন্ধবিশ্বাস, বিচার বিযুক্তবাদ, বিচারহীনবাদ।

**Dolichocephaly** ( ডলিকোসেফালী )-দীর্ঘসরুমস্তক।

**Domain** ( ডোমেন্ )-ক্ষেত্র, আওতা।

**Dominance** ( ডমিন্যান্স )-প্রভাব, প্রকটতা, প্রভুত্ব, মাতব্বরি।

**Dominant** ( ডমিন্যান্ট্ )-প্রকট, প্রভাবশালী, প্রধান।

**Donatism** ( ডোনেটিজম্ )-ডোনেটাসবাদ, Donatist দ্রষ্টব্য।

Donatist ( ডোনেটিষ্ট )-ডোনেটাস পন্থী।

বিশপ ডোনেটাসের ( Donatus, খ্রীঃ ৪র্থ শতাব্দী ) মতাবলম্বী। তাহাদের মতে পাপীদের ধর্ম সম্প্রদায় হইতে বহিষ্কার করা উচিত।

Donum Superadditional ( ডোনাম সুপারঅ্যাডিশানাল )-অতি প্রাকৃত-দান।

Dorsal ( ডোরস্যাল )-পৃষ্ঠ্য।

Double Aspect Theory ( ডবল অ্যাসপেক্ট থিওরী )-(যঃ, দঃ ) দ্বিদিগক মতবাদ, দ্বিপার্শ্ব নিয়ম।

এই মতবাদকে Two Aspect Theory-ও বলা হয়। এই মতবাদ অনুসারে শরীর ও মন দুইটি বিভিন্ন সত্তা নয়, একই সত্তার দুইটি ভিন্ন দিক। সপ্তদশ শতাব্দীর দার্শনিক স্পিনোজা ও বর্তমান কালের লয়েড মরগান ও সামুয়েল আলেক্জাণ্ডার এই মতবাদের সমর্থকদের মধ্যে বিশেষ বিখ্যাত।

Double negation, law of ( ডবল নেগেশান, ল অব্ )-(যুঃ) দ্বি নঞর্থক নিয়ম, দ্বি অস্বীকার নিয়ম।

Doubtful judgment ( ডাউটফুল জাজমেণ্ট )-সন্দেহসূচক অবধারণ।

Dousing ( ডাউসিং )-জলমগ্ন হওয়া।

Doxa ( ডকসা )-মূল বিশ্বাস।

Doxology ( ডাক্সলজি )-স্তব, স্তোত্র।

Drama ( ড্রামা )-নাটক।

Dramatization ( ড্রাম্যাটাইজেশান )-নাটন, নাট্যাকারদান।

Drainage ( ড্রেনেজ্ ) – পরিবহণ, নিষ্কাশিত পদার্থ।

Drainage Hypothesis ( ড্রেনেজ হাইপোথিসিস )-(মঃ) পরিবহন প্রকল্প।

Drainage Theory ( ড্রেনেজ থিউরী )-(মঃ) পরিবহণবাদ।

কোন বিশেষ কার্যে সংশ্লিষ্ট স্নায়ুকেন্দ্রের শক্তি নিঃশেষিত হইলে সন্নিহিত স্নায়ুকেন্দ্র হইতে সংশ্লিষ্ট স্নায়ুকেন্দ্রে শক্তি পরিবাহিত হয়। মনোবিদ্যার পরিভাষায় ইহাকে Drainage Hypothesis or Drainage Theory বলা হয়। ম্যাকডুগাল ( Mcdougall এই মতবাদের উদ্গাতা।

**Drawing** ( ড্রইং )-চিত্রণ, অঙ্কন বিদ্যা।

**Drawing Scale** ( ড্রয়িং স্কেল )-চিত্রনের স্কেল, মাপ।

**Dread** ( ড্রেড্ )-(মঃ) আতঙ্ক।

**Dream** ( ড্রীম )-(মঃ) স্বপ্ন।

অর্দ্ধনিদ্রিত বা তন্দ্রাচ্ছন্ন অবস্থায় আমাদের মনে প্রত্যক্ষের (Perception ) স্পষ্টতা ও বাস্তবতা লইয়া যে কল্পনার উদয় হয় তাহাই স্বপ্ন নামে খ্যাত। স্বপ্ন এক প্রকার গঠনমূলক কল্পনা। ইহাতে সাধারণতঃ বহির্জগতের সহিত কোন প্রত্যক্ষ সংস্রব থাকেনা, কিন্তু প্রত্যক্ষের প্রতিরূপের লুপ্তাবশেষ থাকে। এই প্রতিরূপগুলি বিচিত্রভাবে সংযোজিত বা বিয়োজিত, বর্দ্ধিত বা হ্রস্বীকৃত হইয়া অভিনব আকারে আত্মপ্রকাশ করে। স্বপ্নের কারণ ও অর্থ সম্বন্ধে বিভিন্ন মতবাদ আছে। ফ্রয়েডের ( Freud ) পূর্বতন অধিকাংশ মনস্তাত্ত্বিকদের মতে স্বপ্ন একপ্রকার ভ্রমপ্রত্যক্ষ। কিন্তু ফ্রয়েড্ মনে করেন যে স্বপ্ন ব্যক্তি মনের নির্জ্ঞান অবদমিত ইচ্ছার চরিতার্থতা ছাড়া আর কিছুই নয়।

**Dream Censor** ( ড্রীম সেন্সর )-(মঃ) স্বপ্ন প্রহরী।

ফ্রয়েডের মতে স্বপ্ন নির্জ্ঞান মনের অবদমিত ইচ্ছার চরিতার্থতা ছাড়া আর কিছুই নয়। এই ইচ্ছাগুলি সাধারণতঃ কামজ। সমাজ, শিক্ষা, পরিবার প্রভৃতি শাসক শক্তি কামজ ইচ্ছার সহজ পরিপূরণের অন্তরায়। স্বপ্নের মধ্যেও আমাদের বিবেক শাসক শক্তি হিসাবে অবৈধ কামনা পরিপূরণের অন্তরায় হইয়া দাঁড়ায়, ইহাই ফ্রয়েডের পরিভাষায় স্বপ্ন প্রহরী।

**Dream interpretation** ( ড্রীম ইন্টারপ্রিটেশান্ )-(মঃ) স্বপ্ন ব্যাখ্যান।

**Dream work** ( ড্রীম ওয়ার্ক )-(মঃ) স্বপ্নকৃতি।

অবদমিত নির্জ্ঞান ইচ্ছা যে সকল কৌশল অবলম্বন করিয়া ছদ্মবেশে ব্যক্ত স্বপ্নরূপে প্রকাশিত হয় তাহাই ফ্রয়েডীয় পরিভাষায় স্বপ্নকৃতি। স্বপ্নকৃতি কৌশল প্রধানতঃ নিম্নোক্ত চার প্রকার—১ ) সংক্ষেপন (condensation) ; ২ ) অভিক্রান্তি (Displacement) ; ৩ ) রূপান্তর (Transformation) ; ৪ ) প্রতীকতা (Symbolism)। স্বপ্নকৃতির

আরও একটি বিকৃতি-কৌশল হইল অনুপ যোজনা (Secondary Elaboration)।

**Drive** ( ড্রাইভ্ )-(মঃ) তাড়না।

যে প্রেরণা অভাববোধের দরুণ অস্বস্তিকর অবস্থা দুর করার জন্য প্রবৃত্ত করে তাহাই তাড়না।

**Drive reduction** ( ড্রাইভ্ রিডাক্শান )-(মঃ) তাড়না হ্রাস।

**Droping-out** ( ড্রপিংআউট্ )-অন্তর্হিত হওয়া।

**Drug addiction** ( ড্রাগ অ্যাডিকশন্ )-ঔষধ প্রীতি।

**Druse, Druze** ( ড্রুয্ )-ড্রুয্, দারাযা।

ইসমাইলী সম্প্রদায়ের একটি প্রশাখা। ইহাদের মতে মিশরের ফাতেমী খলিফা আল-হাকিমের ( যিনি ১০২১ খ্রীঃ অন্তর্হিত হন ) মৃত্যু হয় নাই, তিনি এখনও জীবিত আছেন, এবং তিনিই এই বিশ্বে আল্লাহ প্রতিভূ।

**Dual impression** ( ডিউয়্যাল্ ইম্প্রেশান )-দ্বিত্ব ছাপ, দ্বিত্বপ্রভাব।

**Dual Personality** ( ডিউয়্যাল পারসন্যালিটি )-(মঃ) দ্বি ব্যক্তিত্ব।

[ Dissociation of Personality দ্রষ্টব্য ]

**Dualism** ( ডিউয়্যালিজম্ )-(দঃ) দ্বৈতবাদ।

ইহা একপ্রকার দার্শনিক মতবাদ। এই মতবাদ-অনুসারে বস্তু বা জড় (mattar) ও মন (mind) স্বতন্ত্র দুইটি সত্তা। ইহাদের একটিকে অন্যটিতে পরিণত করা চলে না। জগতের সকল অস্তিত্বশীল বস্তু হয় জড়াত্মক অথবা মানসিক।

**Duality** ( ডিউয়্যালিটি )-দ্বিত্ব।

**Duct** ( ডাক্ট্ )-নালী।

**Duct gland** ( ডাক্ট্ গ্ল্যাণ্ড )-বহিঃক্ষরা গ্রন্থি।

**Ductless** ( ডাক্ট্লেস্ )-নালীবিহীন, অন্তঃক্ষরা।

**Ductless gland** ( ডাক্ট্লেস্ গ্ল্যাণ্ড্ )-অন্তঃক্ষরা গ্রন্থি।

**Dudhu Miyan** ( দুধু মিয়া )-দুধু মিয়া, ফারায়েযী আন্দোলনের দ্বিতীয় নেতা।

বৃটিশ শাসনকালে পাক-ভারত উপমহাদেশে মুসলমানদের মধ্যে অনেকগুলি রাজনৈতিক ও সংস্কারমূলক আন্দোলন গড়িয়া উঠে। সেই-

গুলির মধ্যে ফরিদপুর জেলার বাহাদুরপুর গ্রামের হাজী শরীআতুল্লাহ সাহেব কর্তৃক প্রবর্তিত ফারায়েযী আন্দোলন বিশেষ উল্লেখযোগ্য। এই আন্দোলনের মূল উদ্দেশ্য ছিল মুসলমানদের মধ্যে ধর্মীয় ও রাজনৈতিক চেতনা জাগাইয়া তোলা। হাজী সাহেবের (১৮৪০ খ্রীঃ) ইন্তেকালের পর তাঁহার পুত্র এই আন্দোলনের নেতৃত্ব গ্রহণ করেন। তিনি তাঁহার ডাক-নাম দুধুমিয়া নামেই পরিচিত। তাঁহার সময়ে ফারায়েযী আন্দোলন বিশেষ শক্তিশালী হইয়া উঠে।

**Dull** ( ডাল্ )-স্থূলবুদ্ধি, নিরানন্দ, অস্পষ্ট।

**Duns Scotus, John** ( ডান্স স্কোটাস্, জন )-জন ডানস্ স্কোটাস মধ্যযুগীয় বিখ্যাত খৃষ্টান দার্শনিকদের মধ্যে একজন। তিনি বৃটিশ দ্বীপপুঞ্জের অধিবাসী ছিলেন এবং অক্সফোর্ড ও প্যারিসে বিদ্যাশিক্ষা ও অধ্যাপনা করেন। রাজদ্রোহের জন্য তাঁহাকে দেশ হইতে বিতাড়িত করা হয়। তাহার মতে সার্বিক ধারণার অস্তিত্ব ও সারবত্তা ( Haeccity ও quiddity ) দুই-ই বর্তমান। পরবর্তীকালে চার্লস পায়ার্স তাঁহার দার্শনিক মতবাদের উপর কয়েকখানি মূল্যবান গ্রন্থ রচনা করেন।

**Duodenum** ( ডিউওডেনাম্ )-গ্রহনী।

**Duplicity Theory** ( ডিউপ্লিসিটি থিউরী )-কাপট্য মতবাদ।

**Duration** ( ডিউরেশান্ )-পরিমাণ (সময়ের)।

**Duty** ( ডিউটি )-(নীঃ) কর্তব্য, কর্তব্যকর্ম।

**Dyad** ( ডায়াড্ )-দ্বি, দুই।

**Dyadic** ( ডায়াডিক্ )-দ্বৈত।

**— Relation** ( — রিলেশান্ )-দ্বৈত-সম্বন্ধ।

**Dynamic** ( ডাইন্যামিক্ )-গতিশীল, ক্রিয়াশীল।

**— Psychology** ( — সাইকলজি )-(মঃ) গতিবাদী মনোবিদ্যা, ক্রিয়ামনোবিদ্যা। যে মনোবিদ্যায় আচরণের কারণ বা নির্দ্ধারক হিসাবে তাড়না (Drive) ও প্রেষনার (motive) উপর সবিশেষ গুরুত্ব দেওয়া হয় তাহাকে গতিবাদী বা ক্রিয়া মনোবিদ্যা বলা হয়। ইহা মনোবিদ্যার বিশেষ শাখা নহে ; ইহা আচরণের প্রকৃতি ও উৎস সম্বন্ধে একটি বিশেষ দৃষ্টিভঙ্গি।

— Theory ( — থিউরী )-গতিবাদী মতবাদ।

— Vitalism ( — ভাইট্যালিজম্ )-গতিবাদী প্রাণবাদ।

**Dynamics** ( ডাইন্যামিক্‌স )-গতিবিদ্যা।

Dynamism ( ডাইন্যামিজম্ )-গতিবাদ।

Dynamogenesis ( ডাইনেমোজেনেসিস্ )-গতিজ জন্ম।

Dynamometer ( ডাইনেমোমিটার )-(মঃ) গতি পরিমাপক, পেশীশক্তি পরিমাপক।

Dyophysites ( ডাইওফাইসাইট্‌স্ )-দ্বিপ্রকৃতিবাদী ( যীশু খৃষ্টের )।

Dys ( ডাইস্ )-( গ্রীক উপপদ )-দুষ্ট, দোষযুক্ত।

Dysacousia ( ডাইসেকসিয়া )-(মঃ) শব্দ-ভীতি।

Dysarthria ( ডাইসারথ্রিয়া )-(মঃ) দুষ্ট-উচ্চারণ, দোষযুক্ত উচ্চারণ।

Dysgraphia ( ডিসগ্রাফিয়া )-(মঃ) দোষযুক্ত শব্দ লিখন।

মস্তিষ্কের অংশ বিশেষের ত্রুটির ফলে অনেক সময় কোন শব্দ লিখিতে এক অক্ষরের পরিবর্তে অন্য অক্ষর আসিয়া পড়ে অথবা অক্ষরের স্থান পরিবর্তন হয়। ইহাই মনোবিদ্যার পরিভাষায় দোষযুক্ত শব্দ লিখন নামে পরিচিত।

Dyslalia ( ডিস্‌ল্যালিয়া )-(মঃ) দোষযুক্ত বাকযন্ত্র, বাকযন্ত্রের দোষ।

Dyslogia ( ডিস্‌লোজিয়া )-(মঃ) বাক অসংলগ্নতা।